

১৬

## খুলনা বিশ্ববিদ্যালয়ের বাজেট ঘোষণা

॥ খুলনা বিশ্ববিদ্যালয় থেকে  
সংবাদদাতা ॥

খুলনা বিশ্ববিদ্যালয়ে -২০০৭-  
০৮ অর্থবছরের জন্য ১৫ কোটি  
৪০ লাখ টাকার মূল বাজেট অনু-  
মোদন করা হয়েছে। এছাড়া  
২০০৬-০৭ অর্থবছরের ১৩ কোটি  
৫৫ লাখ টাকার সংশোধিত বাজেটও  
অনুমোদন করেছে বিশ্ববিদ্যালয়  
মঞ্জুরি কমিশন (ইউজিসি)। চলতি  
বাজেটে সরকার থেকে ১২ কোটি  
৯৮ লাখ টাকা বরাদ্দের পাশাপাশি  
বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস থেকে  
আয় ধরা হয়েছে ৫৭ লাখ টাকা।  
এছাড়া আগামী বাজেটে ইউজিসি  
থেকে বরাদ্দকৃত ১৪ কোটি ৮০  
লাখ টাকার সাথে বিশ্ববিদ্যালয়ের  
নিজস্ব উৎস থেকে ৬০ লাখ টাকা  
আয় ধরা হয়েছে। এবারের বাজে-  
টেও পূর্বের ন্যায় শিক্ষা উন্নয়নের  
পরিবর্তে শিক্ষক, কর্মকর্তা ও  
কর্মচারীদের বেতন ভাতা দিখাতে  
গর্বাধিক পরিমাণ অর্থ বরাদ্দ রাখা  
হয়েছে।

বাজেটের ব্যাপারে বিশ্ববিদ্যা-  
লয়ের অর্থ ও হিসাব বিভাগের  
পরিচালক খান মোঃ আলিয়ার রহ-  
মান বলেন, প্রস্তাবিত বাজেটে  
শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের  
বেতন-ভাতাদি খাতে ১০ কোটি ৭০  
লাখ, পেনশন বাবদ ৫ লাখ এবং  
অন্যান্য মঞ্জুরি খাতে ৪ কোটি ৬৫  
লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।  
বাজেটে, অন্যান্য মঞ্জুরির মধ্যে  
শিক্ষা আনুষঙ্গিক খাতে মাত্র দেড়  
কোটি, সাধারণ আনুষঙ্গিক বাবদ ২  
কোটি ৪৫ লাখ এবং মেরামত,  
সংরক্ষণ ও পুনর্বাসন খাতে ৭০  
লাখ টাকা ব্যয় ধরা হয়েছে।

এদিকে চলতি (২০০৬-০৭)  
অর্থবছরে ১৩ কোটি ৫৫ লাখ  
টাকার সংশোধিত বাজেটে শিক্ষক,  
কর্মকর্তা ও কর্মচারীদের বেতন-  
ভাতাদি খাতে ৯ কোটি ২৫ লাখ,  
পেনশন বাবদ ৪০ লাখ, সাধারণ  
আনুষঙ্গিক বাবদ ২ কোটি ২৫ লাখ  
মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন  
খাতে ৪৫ লাখ এবং শিক্ষা আনু-  
ষঙ্গিক খাতে মাত্র ১ কোটি ২০  
লাখ টাকা ব্যয় দেখানো হয়েছে।  
এ ব্যাপারে তিনি জানান, চলতি  
বাজেটে ২১ কোটি এবং প্রস্তাবিত  
বাজেটে ২৫ দশমিক ৭৫ কোটি  
টাকা চাহিদা দেয়া হলেও পর্যাপ্ত  
বরাদ্দ না দেয়ায় শিক্ষা উন্নয়নসহ  
একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম  
পরিচালনায় হিমশিম খেতে হচ্ছে  
অর্থ সঙ্কটের কারণে পরিকল্পনা-  
যায়ী শিক্ষাকার্য ক্রমকে চলে  
সাজানো যাচ্ছে না।